



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-২৭০


তারিখঃ ০৯/০৫/২০১৭ খ্রিঃ।

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নায়ী দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের স্মারক নং স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ১১১, তারিখঃ ০৪/০৫/২০১৭ খ্রিঃ মোতাবেক মাঠ পর্যায়ে কর্মরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, হিসাব সহকারী ও মাঠ সংগঠকদের অফিসিয়াল কাজে ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে গ্রামীণফোন লিঃ এর সীম প্রেরণ করা হয়েছে। সীম সমূহ ব্যবহারের জন্য চলতি মাস থেকেই একটিভ করা হয়েছে। বর্ণিত সীমসমূহ ব্যবহার সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- ১। সীমের সাথে প্রেরিত সংযুক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নামে সীম বরাদ্দ প্রদান করে স্বাক্ষর গ্রহণপূর্বক তার অনুলিপি অফিসে সংরক্ষণসহ মূলকপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ২। সরবরাহকৃত সীম সমূহে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার বিপরীতে ১.৫ জিবি, হিসাব সহকারীর বিপরীতে ৪.০ জিবি এবং মাঠ সংগঠকদের বিপরীতে ২.৫ জিবি ডাটা মাসিক হারে সয়ংক্রিয়ভাবে প্রদান করা হবে এবং কেন্দ্রীয়ভাবে প্রকল্প সদর দপ্তর হতে সরাসরি গ্রামীণফোন লিঃ কে পোস্ট পেইড ভিত্তিতে বিল পরিশোধ করা হবে;
- ৩। হিসাব সহকারীর নামে বরাদ্দকৃত ডাটা সার্বক্ষণিক অফিসে অফিসিয়াল কাজে ব্যবহার করতে হবে। মাঠ সংগঠকদেরকে বরাদ্দকৃত ডাটা তাদের ট্যাবে ব্যবহার করে এ্যাবস এর মাধ্যমে সঞ্চয় ও ঋণের অর্থ আদায় করাসহ প্রকল্পের দৃশ্যমান কার্যক্রমের বিভিন্ন ছবি ফেসবুকে নিয়মিতভাবে আপলোড করতে হবে;
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণের বিপরীতে বরাদ্দকৃত সীমে আগামী জুলাই/২০১৭ খ্রিঃ থেকে মাসিক হারে সয়ংক্রিয়ভাবে ডাটা রিচার্জ করা হবে, তবে এখন থেকেও নিজস্বভাবে টাকা রিচার্জ করে ডাটা ক্রয় করে সীম ব্যবহার করা যাবে। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণের বিপরীতে বরাদ্দকৃত ডাটা অফিসিয়াল কাজে ব্যবহারসহ প্রকল্পের দৃশ্যমান কার্যক্রমের বিভিন্ন ছবি আপলোড করতে হবে।
- ৫। মে/২০১৭ খ্রিঃ থেকে ইন্টারনেট/ফ্যাক্স খাতে নতুন করে আর কোন অর্থ বরাদ্দ দেয়া হবে না।

প্রকল্পের স্বার্থে এই আদেশ জারী করা হলো ইহা অবিলম্বে কার্যকর হবে।


  
(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-

তারিখঃ ০৯/০৫/২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ -----।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ -----।
৪. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ -----।
৫. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----জেলাঃ -----।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. অফিস কপি/গার্ড ফাইল।

  
(মোঃ হাবিবুর রহমান হাবিব)  
সহকারী পরিচালক (উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা